

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়
বানিয়াচং, হবিগঞ্জ।

স্মারক নং- ২৯২

তারিখঃ ১১.১০.২০২১খ্রি:

বিষয়ঃ “পরিবেশ ও বন কমিটি” স্থায়ী কমিটির সেপ্টেম্বর/ অক্টোবর-২১ মাসের সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৬.১০.২১খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকায় বানিয়াচং উপজেলা পরিষদের “পরিবেশ ও বন কমিটি” স্থায়ী কমিটির সেপ্টেম্বর/ অক্টোবর-২১ মাসের সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ ফারুক আমীন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।

নির্ধারিত সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ এনামুল হক)

উপজেলা কৃষি কর্মকর্তা

ও

সদস্য সচিব

“পরিবেশ ও বন কমিটি” কমিটি
বানিয়াচং, হবিগঞ্জ।

কমিটি “পরিবেশ ও বন কমিটি” এর সেপ্টেম্বর/ অক্টোবর-২১ মাসের সভার কার্য বিবরণী

জনাব মোঃ ফারুক আমীন, ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।

তারিখ : ১৮১০.২০২১খ্রিঃ

স্থান : সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, বানিয়াচং।


সভায় উপস্থিত সদস্যবৃন্দ

ক্রমিক নং	নাম	পদবী
১	জনাব শাহ শওকত আরেফীন চেয়ারম্যান ৮ নং খাগাউড়া ইউ.পি	সদস্য
২	জনাব মোঃ আহাদ মিয়া চেয়ারম্যান ১১ নং মক্রমপুর ইউ.পি	সদস্য
৩	জনাব মোঃ লুৎফুর রহমান চেয়ারম্যান ৫ নং দৌলতপুর ইউ.পি	সদস্য
৪	জনাব মোঃ এনামুল হক উপজেলা কৃষি কর্মকর্তা	সদস্য সচিব

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য শুরু করেন। অতপরঃ অত্র কমিটির সকল সদস্যদের সাথে আলোচনাক্রমে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১। বানিয়াচং উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষ রোপন করা।	সভাপতি সভায় জানান যে, বানিয়াচং উপজেলা একটি বৃহত উপজেলা। এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষ রোপন করা প্রয়োজন। পরিবেশ সুরক্ষার জন্য সরকারীভাবে এডিপির অর্থে বিভিন্ন ধরনের গাছ রোপন করা যেতে পারে। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে সকল সদস্য একমত পোষণ করেন।	এডিপির অর্থে বিভিন্ন ধরনের গাছ রোপন করার সুপারিশ প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা, বানিয়াচং, হবিগঞ্জ।
০২। বিনা মূল্যে গাছের চারা বিতরণ।	সভায় সভাপতি জানান যে, বানিয়াচং উপজেলাকে একটি পরিবেশ বান্ধব উপজেলা হিসেবে গড়ে তুলতে বিনা মূল্যে গাছের চারা বিতরণ করা একান্ত প্রয়োজন। আগামী বৃক্ষ মেলায় যেন বেশি সংখ্যক গাছের চারা জনগণের মাঝে বিতরণ করা হয় সে বিষয়ে বিষয়ে তিনি আলোচনা করেন। উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সকল সদস্য একমত পোষণ করেন।	বিনামূল্যে গাছের চারা বিতরণের সুপারিশ প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা, বানিয়াচং, হবিগঞ্জ।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ ফারুক আমীন)

সভাপতি

পরিবেশ ও বন কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

বানিয়াচং উপজেলা পরিষদ

স্মারক নং- ২৯ ৭

তারিখ : ২৬/১০/২০২১খ্রিঃ




অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল :

- ১। উপজেলা চেয়ারম্যান, বানিয়াচং উপজেলা পরিষদ, বানিয়াচং, জেলা : হবিগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বানিয়াচং, জেলা : হবিগঞ্জ।
- ৩। অফিস নথি।



উপজেলা কৃষি কর্মকর্তা
বানিয়াচং, হবিগঞ্জ।

সভায় উপস্থিতির হাজিরা

ক্রমিক নং	নাম	স্বাক্ষর
১	জনাব শাহ শওকত আরেফীন চেয়ারম্যান ৮ নং খাগাউড়া ইউ.পি	
২	জনাব মোঃ আহাদ মিয়া চেয়ারম্যান ১১ নং মক্রমপুর ইউ.পি	
৩	জনাব মোঃ লুৎফুর রহমান চেয়ারম্যান ৫ নং দৌলতপুর ইউ.পি	
৪	জনাব মোঃ এনামুল হক উপজেলা কৃষি কর্মকর্তা	